



মালিবাগে সোহাগ পরিবহনে হামলা ও ভাঙচুর, অভিযোগ বিএনপি নেতার



সংগৃহীত ছবি

রাজধানীর মালিবাগে সোহাগ পরিবহনের কাউন্টার ও মালিকপক্ষের বাসায় হামলায় অন্তত ১৫ জন আহত হয়েছেন। সিগারেট খাওয়া নিয়ে তর্ক থেকে সংঘর্ষ শুরু হয়। এ ঘটনায় বিএনপি স্বেচ্ছাসেবক দল নেতার বিরুদ্ধে অভিযোগ তুলেছে পরিবহন কর্তৃপক্ষ।

বুধবার (৩ সেপ্টেম্বর) রাত ১১টার দিকে রাজধানীর মালিবাগে সোহাগ পরিবহনের কাউন্টার ও মালিকপক্ষের বাড়িতে একদল সন্ত্রাসী ভাঙচুর চালায়। এসময় ধারালো অস্ত্রের আঘাতে সোহাগ পরিবহনের পরিচালকসহ অন্তত ১৫ জন আহত হন।

সোহাগ পরিবহন কর্তৃপক্ষ জানায়, ঘটনার সূত্রপাত হয় কাউন্টারের সামনে সিগারেট খাওয়া নিয়ে। কর্মচারীরা সিগারেট না খেতে অনুরোধ করলে দুই ব্যক্তি ক্ষিপ্ত হয়। পরে ৫০-৬০ জনের একটি দল এসে এলোপাতাড়ি ভাঙচুর ও হামলা চালায়।

এ ঘটনায় বিএনপি স্বেচ্ছাসেবক দলের রমনা থানা ইউনিট সভাপতি তালুকদার বিল্লালের বিরুদ্ধে অভিযোগ করেছে পরিবহন কর্তৃপক্ষ